দৈনিক ইনকিলাব

তারিখ 09 AUG 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

## চিঠিপত্র

### ছাত্র-ছাত্রীদের বেতন বৃদ্ধি ও বই পরিবর্তন প্রসঙ্গে

বিগত ৩১-৭-৯৩ ইং তারিখে দৈনিক ইনকিলাব পত্রিকার চিঠিপত্রের কলামে জনাব বদিরুজ্জামান পলাশ-এর (প্রাইভেট টিউশনি প্রসঙ্গে একটি প্রস্তাব) চিঠির সাথে আমি একমত।

তাছাড়া স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের বেতন, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির ন্যায় যেভাবে বেড়ে চলেছে তাতে করে সবার জন্য শিক্ষা নিশ্চিত নয় বরং অনেকের জন্য শিক্ষা অনিশ্চিত হয়ে পড়বে। এহেন অবস্থায় প্রতি বছর বিভিন্ন ক্লাসের ছাত্র-ছাত্রীদের বিভিন্ন গল্পের বই এবং বাংলা ও ইংরেজী ব্যাকরণ বই পরিবর্তন করে বুক লিস্টে নতুন নতুন বই লিপিবদ্ধ করা হয়। যার ফলশ্রুতিতে পিতা-মাতাকে বছর শুরুতে মোটা অংকের বাজেট করতে হয় তাদের ছেলে-মেয়েদের নতুন বই ক্রয় করার জন্য যা আমাদের দেশের অধিকাংশ পরিবারের জন্য সম্ভব নয়।

আমি আশা করি, শিক্ষা বিভাগ ইচ্ছে করলে প্রতি বছর বই পরিবর্তন না করে একটি বই কমপক্ষে ২ থেকে ৩ বছর মেয়াদে রেখে দিলে একই বই দিয়ে কোন পরিবারের ছোট ভাই-বোনরাও পড়তে পারবে। আমি পূর্ণ আশা পোষণ করছি যে, শিক্ষা বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষ উল্লেখিত বিষয়াদির প্রতি সুদৃষ্টি দিবেন।

—মোঃ মোশারফ হোসেন,
৫৪, মোল্লারটেক, উত্তরা, ঢাকা।